আজকের কাগজ

তারিখ 26 FEB 1994
পৃষ্ঠা ৬ কলাম ৪

100

# রাজবাড়ি থানা শিক্ষা কর্মকর্তার বিরুদ্ধে বিনামূল্যের বই আত্মসাতের অভিযোগ

জহুরুল হক : রাজবাড়ি সদর থানা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মনিবুর রহমান মিঞার বিরুদ্ধে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক বরাদ্দকৃত বিনামূল্যের ৪ হাজার বই আত্মসাতের অভিযোগ পাওয়া গেছে। জেলা শিক্ষা অফিস সূত্রে জানা যায় চলতি শিক্ষা বর্ষে প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রিদের মধ্যে বিনামূল্যে বিতরণের জন্যে ৪২ হাজার ২শ' সেট বই সদর থানা শিক্ষা কর্মকর্তা বরাবর হস্তান্তর করা হয়। কিন্তু থানা শিক্ষা কর্মকর্তা উক্ত বইয়ের মধ্যে ৩৮ হাজার ৩শ' ৪২ সেট বই বিতরণ করে অবশিষ্ট ৩ হাজার ৮শ' ৫৮ সেট বই আত্মসাৎ করেন। ১৫ জানুয়ারির মধ্যে সমুদয় বই বিতরণের সরকারি নির্দেশ অনুযায়ী জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তার দপ্তর থেকে ২৯-১-৯৪ ইং তারিখে ১৯৪২/৪ স্মারকের মাধ্যমে বিভিন্ন শ্রেণীতে ভর্তিকৃত শিশু এবং পাঠ্যপুস্তক বিতরণের পূর্ণাঙ্গ রিপোর্ট দাখিলের নির্দেশ দেয়া হয়। উর্ধ্বতন কর্মকর্তার ইস্যুকৃত পত্রের প্রেক্ষিতে সদর থানার কর্মকর্তা আত্মসাতকৃত ৪ হাজার বইয়ের হিসাব রিপোর্টে সংযোজন করতে জালিয়াতি ও গোজামিলের আশ্রয় নেন। রাজবাড়ি সদর থানা শিক্ষা কর্মকর্তা মনিবুর রহমান মিয়া স্বাক্ষরিত এবং অত্র দফতরের সীলমোহরকৃত ৭-২-৯৪ ইং তারিখের ৭৯/প্রাই স্মারকের রিপোর্টে থানায় ৬ বছর বয়েসী মোট শিশুর সংখ্যা ৯ হাজার ৮শ' ৩৭ জন উল্লেখ করা হয় এবং ভর্তির হার ৯৭% দেখান হয়। সে হিসেবে বিদ্যালয়গুলোতে ভর্তিকৃত শিশুর সংখ্যা দাঁড়ায় ৯ হাজার ৫শ' ৪২ জন। কিন্তু থানা শিক্ষা কর্মকর্তা দুর্নীতির আশ্রয় নিয়ে থানায় ৬ বছর বয়েসী শিশুর সংখ্যা ৯ হাজার ৮শ' ৩৭ জন থাকলেও বিদ্যালয়ে ভর্তিকৃত শিশুর সংখ্যা ১৩ হাজার ১শ' জন দেখিয়ে বিতরণকৃত বইয়ের হিসাব মিলিয়েছেন। এ ব্যাপারে জেলা শিক্ষা কর্মকর্তার দায়িত্বশীল সূত্রে জানা যায়, উল্লেখিত বিষয়ে সদর থানা কর্মকর্তার বিরুদ্ধে কারণ দর্শাও নোটিশ জারির ব্যবস্থা করা হয়েছে। বই বিতরণের ব্যাপারে থানা শিক্ষা অফিসে যোগাযোগ করা হলে ১৫ জানুয়ারির পূর্বেই সমুদয় বই বিতরণ করা হয়েছে বলে জানানো হয়।

MATION AND STATISTICS
3. SYSTEM
SHEET — OF — SHEETS
DATE